রাঙিয়ে দিয়ে যাও   যাও   যাও গো এবার যাবার আগে—
তোমার   আপন রাগে,   তোমার   গোপন রাগে,
তোমার   তরুণ হাসির অরুণ রাগে
অশ্রুজলের করুণ রাগে ॥
রঙ যেন মোর মর্মে লাগে,   আমার সকল কর্মে লাগে,
সন্ধ্যাদীপের আগায় লাগে,   গভীর রাতের জাগায় লাগে ॥
যাবার আগে যাও গো আমায় জাগিয়ে দিয়ে,
রক্তে তোমার চরণ-দোলা লাগিয়ে দিয়ে ।
আঁধার নিশার বক্ষে যেমন তারা জাগে,
পাষাণগুহার কক্ষে নিঝর-ধারা জাগে,
মেঘের বুকে যেমন মেঘের মন্দ্র জাগে,
বিশ্ব-নাচের কেন্দ্রে যেমন ছন্দ জাগে,
তেমনি আমায় দোল দিয়ে যাও   যাবার পথে আগিয়ে দিয়ে,
কাঁদন-বাঁধন ভাগিয়ে দিয়ে ॥

---

Parjaay: Bichitro, Taal: Dadra, Style: Pilu-Baul

Visit www.geetabitan.com for notation and other detail